গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৪.২০১৪-০১ তারিখঃ ০৫/০১/১৫খ্রিঃ

বিষয়ঃ ডাঃ নাঈমা আফরোজ (১১২০৬৩), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

## অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ নাঈমা আফরোজ (১১২০৬৩), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ অফিস চলাকালীন সময়ে হাসপাতালে আপনার উপর অর্পিত সরকারি দায়িত্ব পালন না করে প্রাইভেট প্র্যাকটিস করে থাকেন;

যেহেতু, আপনার উপর অর্পিত দায়িত্ব পালনে গাফিলতি/শিথিলতা প্রদর্শনের জন্য আপনাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও আপনি তাঁর জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার উপরিল্লিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

ডাঃ নাঈমা আফরোজ (১১২০৬৩)
মেডিকেল অফিসার
২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ
(যোগাযোগ ঠিকানাঃ- ৩৮১ হায়দার রোড, শোলাকিয়া, কিশোরগঞ্জ)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৪.২০১৪-০১/১(৬) তারিখঃ ০৫/০১/১৫খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)
৩। উপ-পরিচালক (শৃংখলা) (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

# অভিযোগ বিবরণী

ডাঃ নাঈমা আফরোজ (১১২০৬৩), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ অফিস চলাকালীন সময়ে হাসপাতালে তাঁর উপর অর্পিত সরকারি দায়িত্ব পালন না করে প্রাইভেট প্র্যাকটিস করে থাকেন। তাঁর উপর অর্পিত দায়িত্ব পালনে গাফিলতি/শিথিলতা প্রদর্শনের জন্য তাকে রণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও তিনি জবাব প্রদান করেননি। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

E:\Nikos Document (Current-14)\Charge Frame(NI)\Charge Frame doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬০.২০১৩- ০২ তারিখঃ ০৫/০১/১৫ খ্রিস্টাব্দ

**আদেশ**

যেহেতু, ডাঃ এ. কে. এম. আবুল খাইর (৩৪৬৮২), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাকেরগঞ্জ, বরিশাল এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে ২৭.১০.২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬০.২০১৩-৯১৬নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত জ্ঞাপন করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ এ. কে. এম. আবুল খাইর (৩৪৬৮২), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাকেরগঞ্জ, বরিশাল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

০৫/০১/১৫
(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬০.২০১৩- ০২/১(৮) তারিখঃ ০৫/০১/১৫খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ**

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। উপ-সচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। সিভিল সার্জন, বরিশাল
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। ডাঃ এ. কে. এম. আবুল খাইর (৩৪৬৮২), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাকেরগঞ্জ, বরিশাল

০৫/১/১৫
(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document\(Current-14)\Order (NI) Realease from Charge.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮০.২০১৩- 08 তারিখঃ 08.০১.২০১৫ খ্রিস্টাব্দ

**আদেশ**

যেহেতু, ডাঃ শাম্মী নাসরিন (৩৩৯৮৯), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বেড়া, পাবনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিমতে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১২.০১.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮০.২০১৩-২৩নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদনে মতামত জ্ঞাপন করা হয়েছে যে, ডাঃ শাম্মী নাসরিন (৩৩৯৮৯) Breast Cancer-এ আক্রান্ত এবং বর্তমানে চিকিৎসাধীন আছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ শাম্মী নাসরিন (৩৩৯৮৯), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বেড়া, পাবনা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮০.২০১৩- 08/১(৮) তারিখঃ 08.০১.২০১৫ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ**

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। সিভিল সার্জন, পাবনা
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। ডাঃ শাম্মী নাসরিন (৩৩৯৮৯), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বেড়া, পাবনা

(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document\(Current-14) Order (NB Realease from Charge.doc